

সপ্তম শ্রেণি • বাংলাদেশ ও বিশ্বপরিচয় • অধ্যয়নভিত্তিক মডেল টেস্ট (তত্ত্বীয় অংশ)

অধ্যায়—৩: পরিবারে শিশুর বেড়ে ওঠা

সময়: ৩০ মিনিট

পূর্ণমান: ৩০

[সৃজনশীল অংশ: যেকোনো ২টি সৃজনশীল প্রশ্নের উত্তর দাও। প্রতিটি সৃজনশীলের মান: ৯০]

- যৌথ পরিবারের সদস্য রায়হান ও এলমুন উচ্চ শিক্ষিত দম্পতি। তাদের একটি মাত্র সন্তান হাসান। দুজনই চাকরিজীবী হলেও তারা হাসানের ব্যাপারে খুবই যত্নশীল। হাসানের যেকোনো সমস্যার সমাধানে তারা দুজনই ভূমিকা পালন করে। হাসানও তার বাবা মায়ের প্রতি যথেষ্ট শ্রদ্ধাশীল। বাবা-মায়ের অমতে সে কোন কাজ করে না।
 - শিশুর সামাজিকীকরণে কীরূপ পরিবেশ প্রয়োজন?
 - কোন ধরনের পরিবারে শিশুর সুষ্ঠু সামাজিকীকরণ হয় না? ব্যাখ্যা কর।
 - হাসানের সামাজিকীকরণে রায়হান ও এলমুনের মধ্যে কার ভূমিকা সবচেয়ে বেশি? ব্যাখ্যা কর।
 - হাসানের সামাজিকীকরণে পরিবারের সদস্যদের পারস্পরিক ভূমিকা মূল্যায়ন কর।

- নিচের ছকটি লক্ষ্য করো এবং প্রশ্নগুলোর উত্তর দাও:

ছক-১: ধর্ম শিক্ষা	ছক-২: লালন-পালন	ছক-৩: বিনোদন
ক্যাসেট	বেবি কেয়ার	পার্ক
ভিসিডি	ডে কেয়ার	যাদুঘর
মৌলভী	বেবি হোম	চিড়িয়াখানা

- শিশুর সামাজিকীকরণে প্রথম ভূমিকা রাখে কোনটি?
 - শিশুর সামাজিকীকরণে পরিবারের প্রভাব বর্ণনা কর।
 - ছক-১ এ কোন বিষয়টির প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা কর।
 - ছক-২ ও ছক-৩ বিশ্লেষণ কর।
- জনাব 'ক' একজন ব্যবসায়ী। তিনি স্ত্রী সন্তান, মা-বাবা ও ভাইবোন নিয়ে বসবাস করেন। তার পরিবারের সদস্য সংখ্যা বারজন। পরিবারের ভরণপোষণের পর তিনি তার সন্তানদের লেখাপড়া খরচ চালাতে পারেন না। প্রত্যেক মাসেই তিনি অর্থ কষ্টে ভোগেন।
 - শিশুর বেড়ে ওঠার প্রথম সূতিকাগার কী?
 - “সমাজ জীবন সামাজিকীকরণের একটি গুরুত্বপূর্ণ উপাদান।”—ব্যাখ্যা কর।
 - জনাব 'ক' এর পরিবারের সাথে পাঠ্যবইয়ের কোন ধরনের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর।
 - উক্ত পরিবার দিন দিন বিলুপ্ত হয়ে যাচ্ছে—উক্তিটি মূল্যায়ন কর।
 - জনাব 'ক' গ্রামে বসবাস করেন। কৃষিকাজ করেই তিনি জীবিকা নির্বাহ করেন। পরিবারের নেতৃত্ব কেবল তার হাতেই ন্যস্ত। অন্যদিকে তার বন্ধু জনাব 'খ' শহরে বসবাস করেন। পরিবারে সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে জনাব 'খ' তার স্ত্রীর মতামতকে যথেষ্ট গুরুত্ব দিয়ে থাকেন।
 - পরিবার কাকে বলে?
 - একক পরিবার বলতে কী বোঝায়?
 - জনাব 'খ' এর পরিবার কোন ধরনের পরিবারের ইঙ্গিত বহন? ব্যাখ্যা কর।
 - জনাব 'ক' ও জনাব 'খ' এর পরিবারের তুলনামূলক আলোচনা কর

[সংক্ষিপ্ত-উত্তর অংশ: যেকোনো ৫টি সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর দাও। প্রতিটি সৃজনশীলের মান: ২]

- | | |
|---|--|
| ১. পরিবার কী? সংজ্ঞা দাও। | ৫. একক পরিবার বলতে কী বোঝায়? |
| ২. পরিবার চিরস্থায়ী সামাজিক সংগঠন—ব্যাখ্যা কর। | ৬. কোন ধরনের পরিবারে শিশুর সুষ্ঠু সামাজিকীকরণ হয় না? ব্যাখ্যা কর। |
| ৩. সামাজিকীকরণ বলতে কী বোঝায়? | ৭. যৌথ পরিবার বলতে কী বোঝায়? |
| ৪. গ্রামীণ ও শহুরে পরিবারের মধ্যে পার্থক্য লেখ। | |